


1.4 হোম স্ক্রিনের আইকন পরিচিতি

চিত্র-৬: হোম স্ক্রিনের আইকন পরিচিতি



- (ক) '🔄' এই বাটনটি মূলত হোম বাটন হিসেবে কাজ করে। মূল স্ক্রিনে যাওয়ার জন্য বা নোটিফিকেশন বার দেখার জন্য এই বাটনটিতে ক্লিক দিতে হয়।
- (খ) Refresh: ব্যবহারকারী যে স্ক্রিনে কাজ করছেন, Refresh বাটনে ক্লিক করলে সেই স্ক্রিনটি পুনরায় লোড হবে।
- (গ) Help: এই বাটনে ক্লিক করলে নিম্নরূপ সাবমেন্যু আসবে, যা থেকে IBAS++ সম্পর্কিত সকল সহায়তা পাওয়া যাবে। তবে এই Help Menu তৈরির কাজ এখনো প্রক্রিয়াক্রমীয় রয়েছে। ভবিষ্যতে এই মেন্যু থেকে ০৩ ধরনের সাহায্য পাওয়া যাবে। [চিত্র-৬(ক)]

চিত্র-৬(ক): Help Menu



- (ঘ) User Login ID: এখানে ব্যবহারকারী তার Profile দেখতে পারবেন এবং প্রয়োজনে Update করতে পারবেন। [চিত্র-৬(খ)]

চিত্র-৬(খ): User Login ID



Change Your Picture: এই লিঙ্কে ক্লিক করে ব্যবহারকারী তার প্রোফাইলের ছবি আপলোড করতে পারেন। এক্ষেত্রে Choose File বাটনে ক্লিক করে ছবির ফাইলটি নির্বাচন করে তারপর Upload বাটনে ক্লিক করতে হবে।

Change Password: পাসওয়ার্ড পরিবর্তনের জন্য Change Password অপশনে ক্লিক করলে নিম্নরূপ স্ক্রিন প্রদর্শিত হবে। [চিত্র: ৬ (গ)]

চিত্র-৬ (গ): Change Password

A screenshot of a 'Change Password' form. The form has a title bar 'Change Password'. It contains the following fields: 'User Name : CAO Finance AAO', 'Login : cao finance aao', 'Existing Password [*] :', 'New Password [*] :', and 'Confirm New Password [*] :'. Below the 'New Password' field, there is a note: 'Password strength : Minimum length 6 chars'. At the bottom of the form, there is a 'Change Password' button.

Existing Password: এই ঘরে পুরাতন পাসওয়ার্ডটি এন্ট্রি করুন।

New Password: নতুন পাসওয়ার্ডটি এন্ট্রি করুন। মনে রাখবেন পাসওয়ার্ডটি কমপক্ষে ৬ অক্ষরের হতে হবে।

Confirm New Password: পুনরায় নতুন পাসওয়ার্ডটি এন্ট্রি করুন।

“Change Password” বাটনে ক্লিক করলে পাসওয়ার্ডটি পরিবর্তিত হয়ে যাবে।

Change E-Signature: এখানে ব্যবহারকারীর স্বাক্ষর আপলোড করা যাবে। ভবিষ্যতে এই সুবিধাটি পাওয়া যাবে।

Subsystems: একজন ব্যবহারকারী logout না হয়েই iBAS+++এ login থাকা অবস্থায় প্রয়োজনে এক মডিউল থেকে অন্য মডিউলে যেতে পারবেন। এক্ষেত্রে কোন নির্দিষ্ট মডিউলে যেতে সেটিকে নির্বাচন করতে হবে।

(ঙ) **Logout:** এই বাটনটিতে ক্লিক করে ব্যবহারকারী আইবাস+++ হতে স্বাধীনভাবে বের হতে পারবেন।

(চ) (III) এই বাটনে ক্লিক করলে বাম পাশের মেন্যুবারটি অদৃশ্য হয়ে স্ক্রিনের আয়তন বৃদ্ধি পাবে। পুনরায় ক্লিক করলে মেন্যুবারটি আবার দৃশ্যমান হবে।